গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
www.rda.gov.bd

**বিষয়ঃ "কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) এর প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৫ম সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
সভার স্থান ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও জুম এ্যাপসের মাধ্যমে ভার্চুয়াল প্লাটফর্ম ।
তারিখ ঃ ১২ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ (মঙ্গলবার)
সময় ঃ সকাল ১১:৩০ ঘটিকা।

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী)
১. জনাব আশরাফ উদ্দীন আহাম্মদ খান, যুগ্মসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২. জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, যুগ্মপ্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৩. ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (পরিকল্পনা-৬), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. জনাব আইরীন ফারজানা, উপসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫. জনাব নুসরাত নোমান, উপপ্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬. জনাব মাহমুদা আক্তার, উপসচিব, বাজেট-১২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. জনাব মোঃ জাহেদুল হক চৌধুরী, প্রকল্প পরিচালক (উপসচিব)।
৭. জনাব তাহমিনা তাছলীম, সিনিয়র সহকারী প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৮. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা কমিশন।
৯. ড. মোঃ নজরুল ইসলাম, উপ ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মিল্ক ভিটা।
১০. জনাব মোঃ মন্জরুল হক, ডিডি, ডিএই, কুড়িগ্রাম।
১১. জনাব নিতাই চন্দ্র বণিক, ডিডি, ডিএই, জামালপুর।
১২. ড. কায়সার মোঃ মইনুল হাসান, জেলা মৎস্য কর্মকর্তা, কুড়িগ্রাম।
১৩. জনাব ডাঃ মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, জামালপুর।
১৪. জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম।
১৫. ডিডি, বিআরডিবি, কুড়িগ্রাম ও জামালপুর।
**(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী): স্কীন সর্ট সংযুক্ত।**

(সরাসরি অংশগ্রহণকারী)
১. জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক (প্রশিক্ষণ), পউএ, বগুড়া।
২. জনাব মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।
৩. জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব, উপ প্রকল্প পরিচালক, পউএ, বগুড়া।
৪. ড. মোঃ আব্দুল কাদের, উপ-পরিচালক ও ডেক্স অফিসার, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব এবং এ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য আহবান জানান। সভাপতির অনুরোধে উপ-প্রকল্প পরিচালক প্রকল্পের কাযক্রমের অগ্রগতি সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব | ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক উপকারভোগীদের মধ্যে গরু হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। এপিএম ইউনিট স্থাপনের জন্য ই-টেন্ডার আহবান করা হয়েছে।<br>সংশোধিত ডিপিপি ২য় পর্যায়ে সংশোধনের সময় আন্তঃখাত সমন্বয় করা হবে। প্রাকৃতিক দূর্যোগ (বন্যা) ও কোভিড-১৯ এর কারণে প্রকল্পের অর্জন ধীরগতির হওয়ার কারণে কমপক্ষে ০২ বছর বৃদ্ধি করা প্রয়োজন। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা হবে। |
| ২। | এপিএম ইউনিট পরিচালনার দায়িত্ব প্রদান। | প্রকল্প সম্পন্ন হওয়ার পর এপিএম ইউনিট গুলো মহাপরিচালক, আরডিএ, বগুড়া বরাবর হস্তান্তর করা প্রয়োজন। পরবর্তীতে এপিএম ইউনিট গুলোকে আরডিএ, বগুড়ার নিয়ন্ত্রণে বিভিন্ন প্রতিষ্ঠান/সমিতির মাধ্যমে পরিচালনা করা যেতে পারে। | এপিএম ইউনিট পরিচালনার দায়িত্ব প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা হবে। |
| ৩। | এপিএম ইউনিটের সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ। | এপিএম ইউনিটের সীমানা প্রাচীর ও গেইট নির্মানের বাজেট ডিপিপিতে নাই। কিন্তু নিরাপত্তার স্বার্থে সীমানা প্রাচীর ও গেইট নির্মান করা প্রয়োজন। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সময় এটি করার প্রস্তাব দেয়া যেতে পারে |
| ৪। | মেলান্দহ উপজেলার এপিএম ইউনিট স্থাপনের ভূমি বিষয়ক । | মেলান্দহ উপজেলার এপিএম ইউনিট স্থাপনের ভূমি শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুরের জমির সংগে মিলিয়ে লম্বা আকারে অধিগ্রহণ করা হয়েছে, যাতে শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমীর সৌন্দর্য বৃদ্ধি পায়। ফলে জমিটি ৪৪০ ফুট লম্বা এবং ৫০ ফুট চওড়া হয়েছে। শুধুমাত্র এ জমিতে এপিএম ইউনিট তৈরী সম্ভব নয়। এপিএম ইউনিটের ডিজাইন কিছুটা পরিবর্তন করে শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুরের সংগে মিলিয়ে এটি করা যেতে পারে। | স্টিয়ারিং কমিটিতে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হবে। |
| ৫। | ক্যাটেল ইন্স্যুরেন্স(বীমা) | সুফলভোগীদের মাঝে বিতরণকৃত গরুর মৃত্যুজনিত ক্ষতি/বিক্রয় করা রোধ কল্পে প্রতিটি গরু বীমার আওতায় আনার লক্ষ্যে বীমার অর্থ গরুর ক্রয়মূল্য হতে কর্তন অথবা সুফলভোগীদের নিকট হতে সংগ্রহ করলে বীমার আওতায় আনা সম্ভব বলে আলোচনা করা হয়। | টাকা সংগ্রহের বিষয়ে সিদ্ধান্তের জন্য স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা হবে। |
| ৬। | কর্মচারীদের অবশিস্ট ০২ (দুই) মাসের বেতন ভাতা সংস্থান | মন্ত্রণালয়ের (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) নিকট অর্পিত ক্ষমতা বলে বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব। | বেতন ভাতাদির প্রয়োজনীয় প্রমানক সংরক্ষণ ও সংযুক্ত করে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। |
| ৭। | জাত উন্নয়নের লক্ষ্যে প্রজননক্ষম বুল আমদানী প্রসঙ্গে | প্রাণীসম্পদ অধিদপ্তর (ডিএলএস) হতে অনুমতি পাওয়া যায়নি তবে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত আমদানী/সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করতে হবে। |

| | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৮। | আরডিএ, বগুড়ার এপিএম ইউনিট আধুনিকায়ন প্রসঙ্গে | আরডিএ, বগুড়ার এপিএম ইউনিট আধুনিকায়নের লক্ষ্যে দই তৈরীর ইনকিউবেটরসহ আনুসাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | অতি দ্রুত কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের নিকট হতে সরবরাহের পদক্ষেপ নিতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সবার সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/১০/২০

(খলিল আহমদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
এবং
সভাপতি
প্রকল্প বাস্তবায়ক কমিটি
"কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ" শীর্ষক প্রকল্প
(১ম সংশোধিত)